গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

# সভার নোটিশ

এতদ্বারা শিবচর উপজেলার, উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ০৮/১২/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১০:৩০ ঘটিকায় উক্ত কমিটির সম্মানিত সভাপতি, জনাব বি এম আতাউর রহমান (আতাহার), উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর মহোদয়ের অফিস কক্ষে কৃষি ও সেচ কমিটির এক জরুরি সভা অনুষ্ঠিত হবে। উক্ত কমিটির একজন সম্মানিত সদস্য হিসেবে আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

02.12.21
(কৃষিবিদ অনুপম রায়)
উপজেলা কৃষি অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি উপকরণ ক্রয় কমিটি
শিবচর, মাদারীপুর
ই-মেইলঃ uaoshibchar@dae.gov.bd
মোবাইল নম্বর: ০১৭১৭০৭২০৭১

বিতরণঃ

০১। জনাব আলহাজ্ব মিজান শিকদার, চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। জনাব মোহসেন উদ্দিন, চেয়ারম্যান, কাঁঠালবাড়ী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০৩। জনাব আঃ রউফ সিকদার, চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

স্মারক নং-১২.১৮.৫৪৮৭.০৪১.০০.০০০.২১-১০১৩ তারিখ: ০২/১২/২০২১খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, মাদারীপুর।
০২। উপজেলা পরিষদ চেয়ারম্যাম, শিবচর উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
০৪। উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যাম, শিবচর উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
০৫। অফিস নথি।

02.12.21

## উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণীঃ

তারিখঃ ০৮/১২/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১০:৩০ ঘটিকা

সভপতিঃ বি এম আতাউর রহমান (আতাহার), উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর

স্থানঃ উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, শিবচর, মাদারীপুর

উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষর ক্রমানুসারে)ঃ

০১। জনাব আলহাজ্ব মিজান শিকদার, চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০২। জনাব মোহসেন উদ্দিন, চেয়ারম্যান, কাঁঠালবাড়ী ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০৩। জনাব আঃ রউফ সিকদার, চেয়ারম্যান, ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০৪। জনাব অনুপম রায়, উপজেলা কৃষি অফিসার, শিবচর, মাদারীপুর।

উপজেলা কৃষি পূনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং সর্ব সম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। সদস্য সচিব বর্তমান সভার আলোচ্য বিষয়াবলী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে উহ্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং নিম্নে বর্নিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | কৃষি প্রণোদনা কর্মসূচির আয়োতায় রবি মৌসুমে বরাদ্দকৃত গম, সূর্যমুখী, পেঁয়াজ, সরিষা, ভূট্টা, চিনাবাদাম, খেসারি, মসুর ও শীতকালীন মুগ বিষয়ক আলোচনা: ১৯ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় মোট ১৮০ জন পেঁয়াজ এর জন্য ১ কেজি বীজ, ২০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবেন। ২,৫০০ জন সরিষা এর জন্য ১ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবেন। ৩১০ জন ভূট্টা এর জন্য ২ কেজি বীজ, ২০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবেন। ৬০০ জন গ্রীষ্মকালীন মুগ এর জন্য ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি এমওপি সার পাবেন। ৬০ জন চিনাবাদাম বীজ ১০ কেজি, ১০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি এমওপি সার পাবেন, ১,৫৬০ জন গম বীজ ২০ কেজি, ১০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবেন, ১৪০ জন সূর্যমুখী বীজ ১ কেজি, ১০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার পাবেন, ৬০০ জন মসুর এর জন্য ৫ কেজি বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি এমওপি সার পাবেন এবং ১৫০ জন খেসারি বীজ ৮ কেজি, ১০ কেজি ডিএপি সার এবং ৫ কেজি এমওপি সার পাবেন। এছাড়া ২ কেজি করে ২,০০০ জন হাইব্রিড ধানের বীজ এবং ১,০০০ জন কৃষক কে ৫ কেজি উফশী ধানের বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার প্রাপ্য হবেন। মোট রবি মৌসুমের জন্য ৯,১০০ জন কৃষক প্রণোদনাল আওতায় সহযোগিতা পাবেন। | কৃষি পরিবার ও আবাদ পরিস্থিতির উপর ভিত্তি করে উপজেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটি, শিবচর, মাদারীপুর উক্ত কৃষি প্রণোদনা কর্মসূচি নীতিমালা অনুযায়ী ইউনিয়ন ভিত্তিক বিভাজন, বিতরণ ও বাস্তবায়ন করবেন। সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার মালামাল সংগ্রহ, ইউনিয়ন কমিটির মাধ্যমে অগ্রাধিকার তালিকা তৈরি এবং ছবিযুক্ত মাস্টারোলের মাধ্যমে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা কৃষি পূর্ণবাসন বাস্তবায়ন কমিটি, ও উপজেলা কৃষি অফিসার, শিবচর, মাদারীপুর। |
| ০২ | রবি/২০২০-২১ মৌসুমে ফসল আবাদের অগ্রগতি বিষয়ক আলোচনা হয়, সদস্য সচিব জানান যে, এ মৌসুমে ফসল আবাদের লক্ষ্যমাত্রা ছিলো বোরো ধান-৩,২৬০ হেক্টর, গম-৯৪০ হেক্টর, হাইব্রিড ভূট্টা-১৬০ হেক্টর, গোল আলু-৭০ হেক্টর, মিষ্টি আলু-৯০ হেক্টর, মসুর-২,১৭৫ হেক্টর, খেসারী-৮৭৫হেক্টর, সরিষা- | উপসহকারী কৃষি অফিসারদেরকে নিয়মিত মাঠ পরিদর্শন করে প্রয়োজনে প্রয়োজনীয় | উপজেলা কৃষি |

| | | | |
|---|---|---|---|
| | হেক্টর, ধনিয়া-২,১৫০ হেক্টর, কালোজিরা-১,৫২৫ হেক্টর, শীতকালীন শাকসবজি-১,০২০ হেক্টর এবং শীতকালীন মরিচ-১২০ হেক্টর। আমাদের এ মৌসুমে আবাদের লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। | মনিটরিং জোরদার করেতে ইউএওকে অনুরোধ জানানো হয়। | শিবচর, মাদারীপুর। |
| ০৩ | সভপতি, উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটি, শিবচর, মাদারীপুর জানান যে, কৃষি সেচ বিষয়ক কোন সহযোগিতা দরকার হলে কমিটি সার্বিকভাবে সহযোগিতা করবে। কৃষি উপকরণ যেমন-বীজ, সার, কীটনাশক প্রাপ্তিতেও কমিটি সার্বিকভাবে সহযোগিতা করবে। | সদস্য সচিব জানান যে, সেচ এবং কৃষি উপকরণ প্রাপ্তিতে সহযোগিতা লাগলে তাৎক্ষনিকভাবে সহযোগিতা প্রদান করা হবে। | উপজেলা কৃষি অফিসার, শিবচর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(বি এম আতাউর রহমান (আতাহার)
উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটি
শিবচর, মাদারীপুর।

স্মারক নং- ১২.১৬.২৪০৬.০৪১.৪৪.০০৩.২১-১০২৬/১(৭) তারিখঃ ০৮/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

০৩। চেয়ারম্যান, নিলখী/কাঁঠালবাড়ি/ভদ্রাসন ইউনিয়ন পরিষদ, শিবচর, মাদারীপুর।

০৪। জনাব ........................................

০৫। অফিস নথি।

08.12.21
(কৃষিবিদ অনুপম রায়)
সদস্য সচিব
উপজেলা পরিষদ কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা কৃষি অফিসার
শিবচর, মাদারীপুর।

উপজেলা পরিষদ কৃষিও সেচ কমিটির সভার উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতি শীট

তারিখ: ০৮/১২/২০২১ খ্রিঃ

সময় সকালঃ ১১ ঘটিকা

সভাপতি: বি এম আতাউর রহমান (আতাহার), উপজেলা পরিষদ ভাইস-চেয়ারম্যান, শিবচর, মাদারীপুর।

স্থানঃ উপজেলা পরিষদ ভাইস- চেয়ারম্যান মহোদয়ের কার্যালয়, শিবচর,মাদারীপুর।

উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষর ক্রমানুসারে)

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবী/ঠিকানা | মোবাইল নম্বর | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব, অনুপম রায় | উপজেলা কৃষি অফিসার | ০১৭০০৭১৫৭৭১ | |
| ০২ | জনাব আলহাজ্ব মিজান শিকদার | চেয়ারম্যান | ০১৭২৭৫৫৪৮৩ | |
| ০৩ | জনাব আঃ রউফ শিকদার | চেয়ারম্যান | ০১৭১৬২২৭৯৬১ | |
| ০৪ | জনাব মোহসেন উদ্দিন | চেয়ারম্যান | 01747226699 | |